দৈনিক বাংলা

তারিখ 13 JAN 1996
পৃষ্ঠা ৭ কলাম ৩

# পিতামাতার অসচেতনতা ঃ ভৈরবে ৭১ হাজার শিশু স্কুলে যায় না

**নিজস্ব সংবাদদাতা ঃ** ভৈরব।– একশ্রেণীর দরিদ্র, অশিক্ষিত পিতামাতার শিক্ষার প্রতি অনীহা ও অসচেতনতার কারণে ভৈরবসহ কিশোরগঞ্জ জেলার ১৩টি থানায় ১৯৯৫ সালের শিক্ষাবর্ষে ৭১ হাজারেরও বেশী শিশু প্রাথমিক শিক্ষার আলো দেখতে পায়নি। বিত্তহীন, অশিক্ষিত পরিবারের ৬ থেকে ১০ বছর বয়সের এসব শিশু গত শিক্ষা বছরে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীর আওতার বাইরে থেকে যায়।

জেলা প্রাথমিক শিক্ষা বিভাগের একটি নির্ভরযোগ্য সূত্রে জানা যায়, ১৯৯৫ সালে ভৈরবসহ কিশোরগঞ্জ জেলার ১৩টি থানার শিশু জরিপ রিপোর্টে ৬ থেকে ১০ বছর বয়সের বিদ্যালয় গমনোপযোগী শিশুর সংখ্যা দাঁড়িয়েছে ৪ লাখ ২০ হাজার ৯২৬। এরমধ্যে ৩ লাখ ৪৯ হাজার ৮৮৬টি শিশু গত শিক্ষা বছরে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীর আওতায় এসে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়া করে। বাকি ৭১ হাজারেরও বেশী শিশু স্কুলের বাইরে থেকে যায়।

এরমধ্যে ভৈরব থানায় ৫ হাজার ৫১৪টি শিশু, কুলিয়ারচর থানায় ২ হাজার ৫৫২টি, বাজিতপুরে ৬ হাজার ৬১৯, অষ্টগ্রামে ২ হাজার ৩৩১, ইটনায় ৮ হাজার ৩৫৪, নিকলীতে ৩ হাজার ৫৮৮, মিটামইনে ১ হাজার ৪৯৬, কটিয়াদীতে ৭ হাজার ৮১০, তাড়াইলে ৭ হাজার ৮৫২, করিমগঞ্জে ৩ হাজার ৪৩৭, হোসেনপুরে ১ হাজার ২৩৮, পাকুন্দিয়ায় ১০ হাজার ৮৩৩ ও কিশোরগঞ্জ সদর থানায় ৯ হাজার ৪৩৫টি শিশু শিক্ষার আলো দেখতে পায়নি।

প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত এসব শিশুর প্রায় ৫৫ শতাংশ বিভিন্ন কুটির শিল্প, কল-কারখানা, বিড়ি, বিস্কুট, সাবান ও মশার কয়েল ফ্যাক্টরী, বাসাবাড়ি ও জমিতে কাজ করছে। শিক্ষার প্রতি অনাগ্রহী দরিদ্র পিতামাতার নির্দেশেই এসব শিশু বিভিন্ন পেশায় যেতে বাধ্য হচ্ছে।